# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯১৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৯. সালাতের অবস্থায় যে কাজ জায়িয

## باب الْعَمَلِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، - يَعْنِي ابْنَ سَعِيدٍ - حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ، أَنَّهُ سَمِعَ أَبَا قَتَادَةَ، يَقُولُ بَيْنَا نَحْنُ فِي الْمَسْجِدِ جُلُوسٌ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَحْمِلُ أُمَامَةَ بِنْتَ أَبِي الْعَاصِ بْنِ الرَّبِيعِ وَأُمُّهَا زَيْنَبُ بِنْتُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَهِيَ صَبِيَّةٌ يَحْمِلُهَا عَلَى عَاتِقِهِ فَصَلَّى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهِيَ عَلَى عَاتِقِهِ يَضَعُهَا إِذَا رَكَعَ وَيُعِيدُهَا إِذَا قَامَ حَتَّى قَضَى صَلاَتَهُ يَفْعَلُ ذَلِكَ بِهَا

- صحيح : خ مختصراً

বাংলা

৯১৮। আবূ ক্বাতাদাহ (রাঃ) বলেন, একদা আমরা মসজিদে বসা ছিলাম। এমন সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় কন্যা যাইনাবের মেয়ে উমামাহ বিনতু আবুল 'আস ইবনু রবী'কে কাঁধে করে নিয়ে আমাদের কাছে আসেন। তখন উমামাহ শিশু ছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে কাঁধে নিয়ে সালাত আদায় করেন। তিনি রুকূ' করার সময় তাকে নামিয়ে রাখতেন এবং দাঁড়ানোর সময় তাকে আবার কাঁধে উঠিয়ে নিতেন। তিনি এভাবে সালাত আদায় শেষ করেন।[1]

সহীহ : বুখারী সংক্ষেপে।

## English

Narrated AbuQatadah:

We were sitting in the mosque when the Messenger of Allah (ﷺ) came upon us carrying Umamah daughter of Abul'As ibn ar-Rabi'. Her mother was Zaynab daughter of the Messenger of Allah (ﷺ). She (Umamah) was a child and he (the Prophet) was carrying her on his shoulder.

The Messenger of Allah (ﷺ) led (the people) in prayer while she was on his shoulder. When he bowed he put her down and took her up when he got up. He kept on doing so until he finished his prayer.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আদব, হাঃ ৫৯৯৬), মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাতের অবস্থায় বাচ্চাকে কোলে নেয়া বৈধ), নাসায়ী (অধ্যায় : মাসাজিদ, অনুঃ শিশুদের মসজিদে নেয়া, হাঃ ৭১০)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58236

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন